# বিআরটিসি সমাচার

## বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## Bangladesh Road Transport Corporation

পঞ্চম সংখ্যা

জানুয়ারি-মার্চ ২০২২ (ত্রৈমাসিক)

প্রকাশকাল : এপ্রিল ২০২২



## সূচিপত্রঃ


১. জনসেবায় বিআরটিসি'র উদ্ভাবনমূলক কার্যক্রম
২. অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ অনলাইনে প্রদান
৩. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক প্রধান কার্যালয়ের ভবন আধুনিকায়নের শুভ উদ্বোধন
৪. বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা
৫. আলোকচিত্রে বিআরটিসি
৬. বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯১তম সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ
৭. ঢাকা নগর পরিবহন সেবা কার্যক্রম
৮. বিভিন্ন দিবস উদযাপন
৯. যানবাহন মেরামত
১০. ড্রাইভিং প্রশিক্ষণে তথ্য
১১. বিআরটিসি'র ভৌত অবকাঠামোগত উন্নয়ন
১২. বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য
১৩. আয়-ব্যয় সংক্রান্ত তথ্য
১৪. গত ০৩ (তিন) বছরের আয়-ব্যয় সংক্রান্ত তথ্যের তুলনামূলক বিবরণী
১৫. বিআরটিসির স্থাপনার জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত মাসওয়ারী ভাড়া আদায়ের তথ্য
১৬. সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য
১৭ সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি
১৮. বিআরটিসির ডিজিটাল কার্যক্রম সম্প্রসারণ



**প্রকাশনায়ঃ**

১. জনাব বিষ্ণু কুমার সরকার
পরিচালক (প্রশাসন ও অপারেশন), বিআরটিসি

২. জনাব মোহম্মাদ সাইদুর রহমান
জিএম (প্রশাসন ও পার্সোনেল), বিআরটিসি



**যোগাযোগঃ**

ফোন নম্বর : ০২-৪১০৫১ ৩৩৭
০২-৪১০৫১ ৩৪৮
মোবাইল : ০১৩২৪ ২৯৩৯ ১৬
০১৩২৪ ২৯৩৯ ০৮

**ই-মেইলঃ**
chairman@brtc.gov.bd

**ওয়েবসাইটঃ**
www.brtc.gov.bd

**বিআরটিসি ফেইসবুকঃ**
https://www.facebook.com/profile.php?id=100708605555760

**বিআরটিসি ভবন**
২১ রাজউক এভিনিউ, ঢাকা- ১০০০




"দক্ষ চালক তৈরিতে বিআরটিসিকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে।"

**ওবায়দুল কাদের, এমপি**
**মাননীয় মন্ত্রী**
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়



"পেশাগত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে বিআরটিসির সক্ষমতা বৃদ্ধি করতে হবে।"

**মোঃ নজরুল ইসলাম**
**সচিব**
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ



"সেবাধর্মী ও লাভজনক প্রতিষ্ঠান হিসেবে সকল ক্ষেত্রে টেকসই পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন"

**মোঃ তাজুল ইসলাম**
চেয়ারম্যান
বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

## জনসেবায় বিআরটিসি'র উদ্ভাবনমূলক কার্যক্রম

| | |
|---|---|
| ডিজিটাল ফ্লিট ম্যানেজমেন্ট | ডিজিটাল ফ্লিট ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে বিআরটিসি'র অপারেশনাল কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে ডিপো/ইউনিটের বাস ও ট্রাকের আয়-ব্যয়, যন্ত্রাংশ, জ্বালানীসহ সকল কার্যক্রম অনলাইন ও অফলাইনে পর্যবেক্ষণের মাধ্যমে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করা। প্রাথমিকভাবে ০৩টি ডিপো: জোয়ারসাহারা, কল্যাণপুর ও গাবতলী বাস ডিপোতে পরীক্ষামূলকভাবে ফ্লিট ম্যানেজমেন্ট অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য সকল ডিপোতে পূর্ণাঙ্গ অটোমেশন ব্যবস্থা চালু করা হবে। |
| ড্রাইভিং প্রশিক্ষণ ভর্তিতে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং সেবা চালুকরণ | ড্রাইভিং প্রশিক্ষণে ভর্তি কার্যক্রমকে আরো গতিশীল ও সহজিকরণ করার লক্ষ্যে এবং ঘরে বসেই অনলাইনে রেজিস্ট্রেশন ও ভর্তি ফি পরিশোধ করার জন্য ই-রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং সুবিধা চালু করা হয়েছে। ইতোমধ্যে ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রে মোট ৪৮জন প্রশিক্ষণার্থী এ সুযোগ গ্রহণ করেছেন। |
| ভ্যাহিকল ট্র্যাকিং সিস্টেম (ভিটিএস) | ভ্যাহিকল ট্র্যাকিং সিস্টেম (ভিটিএস)-এর মাধ্যমে বিআরটিসি বাসের অবস্থান, গতিবিধি ইত্যাদি সম্পর্কে জানা যায়। ফলে অতিরিক্ত গতিতে পরিচালিত বাস এবং ট্রিপে অনিয়ম নিয়ন্ত্রণ করা সহজ। বর্তমানে ২২টি বাস ডিপোর মোট ৫০১টি বাসে ভ্যাহিকল ট্র্যাকিং সিস্টেম (ভিটিএস) স্থাপন করা হয়েছে। |
| নিয়মিত প্রকাশনা | বিআরটিসি ত্রৈমাসিক ভিত্তিতে "বিআরটিসি সমাচার" এবং প্রথম বারের মত বিআরটিসি'র ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ও বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের ভিডিও চিত্র বই, সিডির মাধ্যমে প্রকাশ করা হচ্ছে। এছাড়াও ওয়েবসাইট, ফেসবুক ও অন্যান্য সামাজিক মাধ্যমে প্রকাশ এর মাধ্যমে প্রতিষ্ঠানের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করা হচ্ছে। এ নিয়মিত প্রকাশনার মাধ্যমে বিআরটিসির সকল কর্মকর্তা-কর্মচারি, স্টেক হোল্ডার, মন্ত্রণালয়, দপ্তর, অধিদপ্তরসহ সরকারি/বেসরকারি প্রতিষ্ঠান ও জনসাধারণ বিআরটিসি'র সার্বিক কার্যক্রম সম্পর্কে খুব সহজেই অবগত হচ্ছেন। |
| অনলাইন ভিত্তিক কর্মকর্তা-কর্মচারিদের অবসরকালীন পাওনা পরিশোধ | ২০২১ সালের পূর্বে কর্মকর্তা-কর্মচারি অবসরকালীন পাওনা (সিপিএফ/ গ্র্যাচুইটি/ ছুটিনগদায়ন) এর অর্থ পেতে অনেক ভোগান্তির শিকার হতেন। অবসরকালীন পাওনার জন্য প্রতিবার আলাদা আলাদা আবেদন করতে হতো এবং প্রধান কার্যালয়ে বার বার আসতে হতো। বর্তমানে বিআরটিসি'র নিজস্ব আয় হতে অনলাইনে অবসরপ্রাপ্ত ৬৩৪জন কর্মকর্তা-কর্মচারিদের সিপিএফ/ গ্র্যাচুইটি/ ছুটিনগদায়ন পাওনা বাবদ ১৫ কোটি ৩৮ লক্ষ টাকা পরিশোধ করার মাধ্যমে কর্মকর্তা-কর্মচারিদের হয়রানি শূন্যের কোঠায় নিয়ে আনা হয়েছে। |
| আধুনিক ড্রাইভিং প্রশিক্ষণে সিমুলেটর সংযোজন | বিআরটিসির প্রশিক্ষণ ইনস্টিটিউট/কেন্দ্র সমূহে সিমুলেটর সংযোজন করে আধুনিক ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করছেন। প্রশিক্ষণ শেষে অনেকেই দেশে ও বিদেশে কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে নিরাপদ ড্রাইভিং সেবা দিচ্ছে। |
| ডিপো/ইউনিটের বাস ও ট্রাক সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য ভিজিলেন্স টিম গঠন | ডিপো/ইউনিটের অপারেশনাল সার্বিক কার্যক্রম তদারকি করার পাশাপাশি প্রতিদিন গাড়ী পরিদর্শন করার জন্য ভিজিলেন্স টিম গঠন করা হয়েছে। টিম সদস্যগণ প্রতিদিন বিভিন্ন ডিপো/ইউনিট পরিদর্শন শেষে তাদের প্রেরিত ডিপোর স্থির চিত্র ও প্রতিবেদনের আলোকে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। |
| ই-টিকেটিং | ঢাকাস্থ ৮টি রুটে বিআরটিসি বাসে ঝামেলামুক্তভাবে স্বল্প সময়ে ই-টিকেটিং এর মাধ্যমে টিকেট সংগ্রহ করা যাচ্ছে। ইতোমধ্যে প্রায় ১২ লক্ষ যাত্রী ই-টিকেটিং পদ্ধতি অবলম্বন করে টিকেট সংগ্রহ করেছেন। |
| 'আমাদের বিআরটিসি' এ্যাপ | সম্প্রতি 'আমাদের বিআরটিসি' এ্যাপটি চালু করা হয়েছে। এ এ্যাপের মাধ্যমে জনসাধারণ/ব্যবহারকারী মোবাইল ও ওয়েব এ্যাপ এ রুট ও বাসের সঠিক সময় ও অবস্থান সম্পর্কে জানতে পারছেন। ইতোমধ্যে ১০০০ জন যাত্রী 'আমাদের বিআরটিসি' এ্যাপ ব্যবহার করেছেন। |
| মেরামত কারখানা আধুনিকায়নের মাধ্যমে সেবা বৃদ্ধি | উন্নত মানের যন্ত্রাংশ ব্যবহারের মাধ্যমে প্রধানমন্ত্রীর কার্যালয়, সংসদ সচিবালয় বাংলাদেশ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সুপ্রিম কোর্টসহ প্রায় ১২৫টি সরকারি, আধাসরকারি প্রতিষ্ঠানের মোট ৪,৫০০টি গাড়ী স্বল্প খরচে মেরামত সম্পন্ন করা হয়েছে। এছাড়াও বিআরটিসি'র ২০০টি বাস মেরামত করে সৌন্দর্য বৃদ্ধি করে অনরুট করা হয়েছে। |
| সেবার মানউন্নয়নের মাধ্যমে যাত্রী সংখ্যা ও রাজস্ব আয় বৃদ্ধি | বর্তমান চেয়ারম্যানের প্রত্যয় 'সেবার মান বৃদ্ধি' বাস্তবায়নের ফলে অন্যান্য সময়ের তুলনায় যাত্রী সংখ্যা এবং রাজস্ব আয় অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। ২০২০ সালে মোট যাত্রী সংখ্যা ছিল ৩৮০ লক্ষ এবং অর্জিত রাজস্ব ৩২৮ কোটি ২৫ লক্ষ টাকা। যা ২০২১ সালে মোট যাত্রী সংখ্যার পরিমাণ দাঁড়ায় ৪৩১ লক্ষ এবং অর্জিত রাজস্ব ৩৮৩ কোটি ৮৩ লক্ষ টাকা যা পূর্বের তুলনায় অনেক বেশী। |
| প্রধান কার্যালয়সহ ডিপো/ইউনিটসমূহ আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন | ২০২১ সালের পূর্বে বিআরটিসি প্রধান কার্যালয়সহ ডিপো/ইউনিটসমূহ খুবই জড়াজীর্ণ ছিলো। বর্তমানে প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের গেইট, ভবন আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে। |

## অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ অনলাইনে প্রদান


০৩/০৪/২০২২ তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় বিআরটিসির সভাকক্ষে ৪৩৪ জন অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটি নগদায়ন বাবদ মোট ৪,৭৮,৫৭,০০০/- (চার কোটি আটাত্তর লক্ষ সাতান্ন হাজার) টাকা Online Banking এর মাধ্যমে প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্ণেল মোঃ জাহিদ হোসেন, পরিচালক (কারিগরী), বিআরটিসি।

## সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক প্রধান কার্যালয়ের ভবন আধুনিকায়নের শুভ উদ্বোধন

সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি গত ০৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ভবন আধুনিকায়ন এবং 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্ণার এর শুভ উদ্বোধন করেন। উদ্বোধন শেষে তিনি বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় করেন। বিআরটিসিকে উন্নয়নের রোল মডেল হিসেবে গড়ে তোলার জন্য মাননীয় মন্ত্রী মহোদয় বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীদের নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন।

- ➢ জাতির পিতার আদর্শকে ধারণ করে সকলের উপর অর্পিত দায়িত্ব পালন করতে হবে।
- ➢ অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি গাড়ীর রক্ষণাবেক্ষণে সচেতন হতে হবে।
- ➢ সকল চালক, নিরাপত্তা প্রহরী ও কারিগরদের পোশাক নিশ্চিত করতে হবে।
- ➢ বেসরকারি পরিবহন মালিকদের সাথে সমন্বয় করে গাড়ি পরিচালনা করতে হবে।
- ➢ অনিয়ম, দুর্নীতিকে কোন অবস্থাতেই প্রশ্রয় দেয়া যাবে না।
- ➢ বিআরটিসিকে আধুনিক ও লাভজনক প্রতিষ্ঠানে পরিণত করতে সকলকে একযোগে কাজ করতে হবে।

### গত ০৩ (তিন) বছরের অপারেটিং লাভ-ক্ষতির তুলনামূলক বিবরণী




## বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা

বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) একটি রাষ্ট্রীয় বাণিজ্যিক পরিবহন সেবা সংস্থা। বিআরটিসিকে জড়াজীর্ণ অবস্থান থেকে উত্তরণ ঘটানো ও সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে শক্তিশালী প্রতিষ্ঠান হিসেবে রূপান্তর করাই এ কর্মশালার মূল উদ্দেশ্য। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি।

কর্মশালায় বিআরটিসির মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোহাম্মদ সাইদুর রহমান, জেনারেল ম্যানেজার (প্রশাঃ ও পার্সোঃ), বিআরটিসি। কর্মশালায় আরো উপস্থিত ছিলেন জনাব ফরিদা ইয়াসমিন, সভাপতি, জাতীয় প্রেসক্লাব, ঢাকা, জনাব মোঃ শফিকুল ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক, বিআরটি, জনাব গৌতম চন্দ্র পাল, (যুগ্মসচিব) সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ড. এস এম সালেহ উদ্দিন, গণ পরিবহন বিশেষজ্ঞ, বিআরটিসির পরিচালকবৃন্দ, ড. মোঃ জিয়াউদ্দিন, যুগ্মসচিব, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, কাজী মোঃ সাইফুন নেওয়াজ, সহকারি অধ্যাপক, এআরআই, বুয়েট, বিআরটিসির জেনারেল ম্যানেজারবৃন্দ, পরিবহন মালিক সমিতির প্রতিনিধিবৃন্দ, বিআরটিসি সকল ইউনিট প্রধানগণ, প্রধান কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ, স্টেকহোল্ডারগণ।

### কর্মশালার গুরুত্বপূর্ণ সুপারিশ

বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালায় বিআরটিসির মূল প্রবন্ধ উপস্থাপন, মূল প্রবন্ধের উপর আলোচনা ও উম্মুক্ত আলোচনার মাধ্যমে উপস্থিত অংশগ্রহণকারী সম্মানিত অতিথিবৃন্দ ও স্টেকহোল্ডারগণ নিম্নোক্ত গুরুত্বপূর্ণ সুপারিশসমূহ প্রদান করেন:

ক) বিআরটিসিকে আধুনিকায়ন করার লক্ষ্যে স্টেকহোল্ডারদের মতামতকে প্রাধান্য দিতে হবে।

খ) গাড়ি ছাড়ার ও গন্তব্যে পৌছার সময় নির্ধারণ করতে হবে।

গ) ঢাকা মহানগরে বিআরটিসি গাড়ীর সংখ্যা বৃদ্ধি করতে হবে।

ঘ) বিআরটিসি'র অব্যবহৃত জায়গাগুলোকে ব্যবহার উপযোগী করে রাজস্ব বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।

ঙ) গাড়িগুলোকে সঠিক রক্ষণাবেক্ষণের মাধ্যমে পরিচালনা করতে হবে।

চ) সরকারী আদেশ-নির্দেশ মেনে পরিবহন পরিচালনা করতে হবে।

ছ) লীজিদেরকে জবাব দিহিতার মধ্যে আনতে হবে।

জ) ডিপো ও গাড়ি মনিটরিং ব্যবস্থা আরো বৃদ্ধি করতে হবে।

# আলোকচিত্রে বিআরটিসি



সড়ক পরিহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি ০৩/০২/২০২২ তারিখে বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন ভবন আধুনিকায়ন ও 'বঙ্গবন্ধু, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ' কর্ণার এর শুভ উদ্বোধন করেন



০৩/০১/২০২২ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাকক্ষে সরকারি যানবাহন অধিদপ্তর হতে বিনামূল্যে গাড়ি সরবরাহ/হস্তান্তর উপলক্ষে Memorandum of Understanding স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, জনাব ফরহাদ হোসেন এমপি।



১২/০২/২০২২ তারিখে সড়ক পরিহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব মহোদয় কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর ভবন ও প্রধান ফটক আধুনিকায়নের শুভ উদ্বোধন, গাজীপুর বাস ডিপো ও মেরামত কারখানা পরিদর্শন করেন এবং প্রশিক্ষণার্থীদের মাঝে লাইসেন্স বিতরণ করেন।




০৫/০১/২০২২ তারিখ বিআরটিসি যাত্রাবাড়ী বাস ডিপোর প্রশাসনিক ভবনের শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



০৮/০১/২০২২ তারিখ কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনিস্টিটিউট, গাজীপুরে পদ্মা সেতু প্রকল্পের আওতায় মোটরযান ড্রাইভিং এবং গাড়ি রক্ষণাবেক্ষণ ৪র্থ রাউণ্ড প্রশিক্ষণ এর শুভ উদ্বোধন এবং কর্পোরেশনে নিয়োজিত চালকদের রিফ্রেশার ট্রেনিং এর সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।




০৫/০১/২০২২ তারিখ বিআরটিসি নারায়ণগঞ্জ প্রশিক্ষণ কেন্দ্রের ড্রাইভিং প্রশিক্ষণ ভবনের শুভ উদ্বোধন করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

# আলোকচিত্রে বিআরটিসি






২১ মার্চ ২০২২ তারিখ বিআরটিসির সম্মেলন কক্ষে সোমবার বেলা- ০২:৩০ ঘটিকায় বিআরটিসি'র সক্ষমতা বৃদ্ধি ও শুদ্ধাচার বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, চেয়ারম্যান, বিআরটিসি।





২৬/০২/২০২২ তারিখে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুরে জানুয়ারি ২০২২ মাসের মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। সভা শেষে সমন্বিত কেন্দ্রীয় মেরামত কারখানা ও গাজীপুর বাস ডিপোর নবনির্মিত প্রধান ফটক এবং সিলেট বাস ডিপোর এসি বাসের উদ্বোধন করেন।





১৭/০৩/২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী।





বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম ১৯/০২/২০২২ তারিখে রংপুর বাস ডিপো ও দিনাজপুর বাস ডিপো পরিদর্শন করেন এবং বিআরটিসি ট্রেনিং ইনস্টিটিউট এর শুভ উদ্বোধন করেন চেয়ারম্যান মহোদয়।

# আলোকচিত্রে বিআরটিসি




এপিএ ২০২১-২২ বাস্তবায়নে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।




এপিএ ২০২১-২২ বাস্তবায়নে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অংশীজন সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নজরুল ইসলাম, সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।



২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে বিআরটিসি তেজগাঁও ট্রেনিং ইনষ্টিটিউটে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।




২৮/০৩/২০২২ তারিখে বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে প্রধান কার্যালয়ের সভাকক্ষে বিআরটিসি পরিচালনা পর্ষদের ২৯১ তম (আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভা অনুষ্ঠিত হয়।



এপিএ ২০২১-২২ বাস্তবায়নে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে তথ্য অধিকার আইন ও বিধি-বিধান সংক্রান্ত সভায় সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।



বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকারকে বাস্তবরূপ দেয়ার লক্ষ্যে বিআরটিসির বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার ও ট্যাব প্রদান করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান, জনাব তাজুল ইসলাম।



১৭/০১/২০২২ তারিখে বিআরটিসির সভাকক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের গ্র্যাচুইটি/সিপিএফ এর অর্থ Online Banking এর মাধ্যমে প্রদান ও শুদ্ধাচার বিষয়ক সভায় প্রধান অতিথি হিসেবে অনলাইনে উপস্থিত ছিলেন, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মানিত সচিব জনাব মোঃ নজরুল ইসলাম।



০৩/০৪/২০২২ তারিখে বিআরটিসির সভাকক্ষে অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীদের গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের অর্থ Online Banking এর মাধ্যমে প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম।

## বিআরটিসির পরিচালনা পর্ষদের ২৯১তম সভার গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ

বিআরটিসি সভাকক্ষে ২৮/০৩/২০২২ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর পরিচালনা পর্ষদের ২৯১তম পর্ষদ (সড়ক পরিবহন আইন ২০২০ অনুযায়ী ৩য়) সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ তাজুল ইসলাম, অতিরিক্ত সচিব, চেয়ারম্যান, বিআরটিসি। উক্ত সভায় উপস্থাপিত সকল আলোচ্যসূচি উপস্থিত পর্ষদ সদস্য কর্তৃক অনুমোদিত হয়। অনুমোদিত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহ উপস্থাপন করা হল।

### সিদ্ধান্তসমূহ

- ০৩ জন চালকের চাকুরী স্থায়ীকরণের বিষয়ে ২৯০তম পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক গঠিত কমিটির প্রতিবেদনের আলোকে চাকরি স্থায়ী করার প্রস্তাব পর্ষদকর্তৃক অনুমোদিত হয়।
- "বিআরটিসি'র জন্য ইলেকট্রিক একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের আওতায় ১০টি ইলেকট্রিক চার্জিং স্টেশন স্থাপনাসহ ৫০টি ইলেক্ট্রিক বাস ও ৩০% যন্ত্রাংশ সংগ্রহের বিষয়ে (Feasibility Study) সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন/পরামর্শদাতা (Consultant) নিয়োগের জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব পর্ষদকর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
- "বিআরটিসি'র জন্য সিএনজি একতলা এসি বাস সংগ্রহ" শীর্ষক প্রকল্পের ৩২০টি সিএনজি একতলা এসি বাস ও ৩০% যন্ত্রাংশ সংগ্রহের বিষয়ে (Feasibility Study) সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন/পরামর্শদাতা (Consultant) নিয়োগের জন্য ৫.০০ (পাঁচ) লক্ষ টাকা ব্যয়ের প্রস্তাব পর্ষদ কর্তৃক সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।
- কর্পোরেশনের বিভিন্ন ডিপো/ইউনিটের দীর্ঘদিনের পুরাতন ১১২টি (একশত বারো) গাড়ির বডি, ইঞ্জিন, ফুয়েল পাম্প, গিয়ার বক্স, স্টিয়ারিং বক্সসহ অন্যান্য প্রধান প্রধান যন্ত্রাংশ অকেজো এবং মেরামতের অযোগ্য। ১১২টি (একশত বারো) গাড়ি অকেজো (কনডেম) ঘোষণা করার প্রস্তাব পর্ষদ কর্তৃক অনুমোদিত হয়।
- গত ০৩/১১/২০২০ তারিখে পূর্ববর্তী চেয়ারম্যান কর্তৃক অনুমোদনকৃত বিইআর ঘোষিত গাড়ি নিলামে বিক্রয়ের বিষয়টি TOC সভা এবং গত TEC সভার সুপারিশের আলোকে নিলাম বিক্রয়ের কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাবটি পর্ষদ কর্তৃক সর্বসম্মতিক্রমে ভূতাপেক্ষভাবে অনুমোদিত হয়।
- বিআরটিসি'র রাজস্ব বৃদ্ধি, গাড়ী পজিশন নিশ্চিতকরণ ও মাইলেজ নির্ধারণের লক্ষ্যে পরিচালিত VTS এর মেয়াদ ৩১/১২/২১ তারিখে শেষ হয়। ইতোমধ্যে বিআরটিসির ৭০১টি বাস ও ৫০১টি ট্রাকে VTS চালু করার লক্ষ্যে টেন্ডার প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

## 'ঢাকা নগর পরিবহন' সেবা কার্যক্রম

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ওবায়দুল কাদের, এমপি প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি উপস্থিত হয়ে এবং ঢাকা দক্ষিণ ও উত্তর সিটির মাননীয় মেয়র ও বিআরটিসি সম্মানিত চেয়ারম্যান সরাসরি উপস্থিত হয়ে গত ২৬ ডিসেম্বর ২০২১ তারিখে 'ঢাকা নগর পরিবহন' উদ্বোধন করা হয়। নারায়ণগঞ্জ ও মোঃপুর ডিপোর নিয়ন্ত্রণে ৩০ টি দ্বিতল বাস দিয়ে মোঃপুর হতে ঘাটারচর পর্যন্ত রুটে এ সার্ভিস পরিচালনা করা হচ্ছে।

### রুটের স্টপেজসমূহ


| আপ | ডাউন |
|---|---|
| ঘাটারচর- বসিলা- মোঃপুর থানা- সিটি কলেজ- শাহবাগ- মতিঝিল- টিকাটুলি- যাত্রাবাড়ী- শনিরআখড়া- সাইনবোর্ড- কাঁচপুর | কাঁচপুর- সাইনবোর্ড- যাত্রাবাড়ী- টিকাটুলি- মতিঝিল- শাহবাগ- এলিফ্যান্ট রোড- জিগাতলা- শারীরিক শিক্ষা কলেজ- বসিলা- ঘাটারচর |

## বিভিন্ন দিবস উদযাপন

| | |
|---|---|
| **২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃ ভাষা দিবস** | ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতি মাতৃভাষা দিবস উপলক্ষ্যে বিআরটিসির সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণ স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে অংশগ্রহণ করেন এবং ভাষা শহীদদের প্রতি বিআরটিসির পক্ষ থেকে শহীদ মিনারে বিনম্র শ্রদ্ধা ও পুস্পস্তবক অর্পণ করেন। |
| **ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ** | আন্তার্জাতিকভাবে স্বীকৃতিপ্রাপ্ত ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিটে আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা এবং দিনব্যাপি ঐতিহাসিক ভাষণের অডিও-ভিডিও প্রচার করা হয়। |
| **১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবস** | ১৭/০৩/২০২২ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ১০২তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে মতিঝিল আন্তর্জাতিক বাস বাস ডিপোতে আলোচনা সভা, কেক কাটা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অতিরিক্ত সচিব জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান চৌধুরী এবং সভাপতিত্ব করেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। এছাড়াও বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিট পরিস্কার পরিচ্ছন্ন করা, আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা এবং পুস্পস্তবক অর্পন, আলোচনা সভা, কেক কাটা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়। |
| **২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস** | ২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০২২ উপলক্ষে বিআরটিসি তেজগাঁও ট্রেনিং ইনষ্টিটিউটে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিআরটিসির সম্মানিত চেয়ারম্যান জনাব মোঃ তাজুল ইসলাম। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিআরটিসির কর্মকর্তা-কর্মচারীগণ। এছাড়াও বিআরটিসির প্রধান কার্যালয়সহ সকল ডিপো ইউনিট পরিস্কার পরিচ্ছন্ন করা, আলোকসজ্জা করা, ব্যানার-ফেষ্টুন স্থাপন করা হয়। সকল ডিপো/ইউনিটের কর্মকর্তা-কর্মচারীগণ স্থানীয় প্রশাসন কর্তৃক গৃহীত সকল কার্যক্রমে অংশগ্রহণ করেছেন এবং পুস্পস্তবক অর্পণ, আলোচনা সভা ও দোয়া মোনাজাত অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। |


## যানবাহন মেরাতের তথ্য

বিআরটিসিতে যানবাহন মেরামত দুই ধরণের (হালকা ও ভারী) হয়ে থাকে। বর্তমান চেয়ারম্যানের সুস্পষ্ট নির্দেশনার মাধ্যমে গাড়ীর নম্বর অনুসারে মেরামত খাতে বাজেট প্রদানের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়া সকল সচল/অনরুট গাড়ীর চিত্রসহ ডাটাবেজ তৈরি করার মাধ্যমে কারগরী বিভাগের দক্ষতা বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এছাড়া ইউনিট প্রধানদের প্রত্যেকটি গাড়ী নিয়মিত মনিটরিং করতে হচ্ছে। কোন হালকা মেরামত যোগ্য গাড়ী ভারী মেরামতে যাওয়ার ১ মাস পূর্বে ইউনিট প্রধান ও প্রধান কার্যালয়কে অবহিত করার নির্দেশনা রয়েছে। এ সকল নির্দেশনার কারণে গাড়ীর রক্ষণাবেক্ষণ পূর্বের যে কোন সময়ের তুলনায় বেশী হচ্ছে। গত ০৩ (তিন) মাসের মেরামতের চিত্র উপস্থাপন করা হলো।





## ড্রাইভিং প্রশিক্ষণের তথ্য

বিআরটিসির সক্ষমতা বৃদ্ধির একটি প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে প্রশিক্ষণ কার্যক্রম। যাত্রী এবং পণ্য পরিবহনের পাশাপাশি ড্রাইভিং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি তৈরীতে বিআরটিসি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। ১৯৭৫ সাল হতে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হওয়ার পর অদ্যাবধি বিআরটিসি ০৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাধ্যমে মোট ১,৬১,৭৬৬ জনকে ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান করেছে যার মধ্যে ১,৫০,০২৭ জন পুরুষ এবং ১১,৭৩৯ জন মহিলা প্রশিক্ষণার্থী রয়েছে। ২০২০ সালে করোনা প্রাদুর্ভাবের কারণে প্রশিক্ষণ কার্যক্রম বাঁধাগ্রস্থ হলেও বর্তমান চেয়ারম্যান মহোদয়ের যুগোপযোগী ও বহুমুখী সিদ্ধান্তের ফলে প্রশিক্ষণের ক্ষেত্রে অনেক গতি সঞ্চার হয়েছে। গত ০৩ (তিন) মাসের মাসের প্রশিক্ষণ চিত্র উপস্থাপন করা হলো।




বিআরটিসি অভ্যন্তরীণ প্রশিক্ষণের পাশাপাশি বিভিন্ন প্রকল্পের মাধ্যমে যেমন SEIP প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, পদ্মা সেতু প্রকল্প, বাংলাদেশ পুলিশ একাডেমী, জয়ীতা ফাউন্ডেশনের প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ প্রদান করছে।

| প্রতিষ্ঠানের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|
| SEIP প্রকল্প | ৯৩২৬ |
| মহিলা বিষয়ক অধিদপ্তর | ৪৮০ |
| পদ্মা সেতু প্রকল্পে | ৪৫৪ |
| আনসার ও ভিডিপি | ৪৮২ |
| জয়ীতা ফাউন্ডেশন | ২৪০ |
| বাংলাদেশ পুলিশ একাডেমি | ১৫০ |
| প্রশিক্ষকদের প্রশিক্ষণ | ৯১১ |
| জেলা পরিষদ | ৩৫২ |
| বিয়াম ফাউন্ডেশন | ১২০ |
| বিপিএটিসি সাভার | ৪০০ |
| জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) | ১৩০ |
| টেলিযোগাযোগ স্টাফ কলেজ | ১৪০ |
| বার্ড কুমিল্লা | ৮০ |
| আরডিএ বগুড়া | ৮০ |
| লেডিস ক্লাব (ঢাকা, মিরপুর, সাভার সেনানিবাস) | ২৪০ |
| HILIP প্রকল্প | ৩০০ |
| নায়েম | ৪৮০ |
| ঢাকা সিটি কর্পোরেশন | ২৫ |
| পরিকল্পনা উন্নয়ন একাডেমি | ৩৬০ |
| **সর্বমোট** | **১৪৭৫০** |




বর্তমান চেয়ারম্যান মহোদয়ের সময়কালে প্রশিক্ষণ প্রদানের চিত্র

## বিআরটিসি'র ভৌত অবকাঠামোগত উন্নয়ন

বর্তমান চেয়ারম্যান মহোদয় ০৭ ফেব্রুয়ারি ২০২১ সালে যোগদানের পর বিআরটিসির কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ২১টি নির্দেশনা প্রদান করেন। তন্মধ্যে অন্যতম ১টি নির্দেশনা হচ্ছে প্রধান কার্যালয়সহ সকল ডিপো/ইউনিটের ভবন, প্রধান ফটক আধুনিকায়ন ও দৃষ্টিনন্দন করা। এরই ধারাবাহিকতায় ব্যাপকভাবে বিআরটিসি'র ভৌত অবকাঠামোগত উন্নয়ন সাধিত হয়েছে। নিম্নে ভৌত অবকাঠামোগত উন্নয়নের চিত্র উপস্থাপন করা হলো।








প্রধান কার্যালয়ের বর্তমান চিত্র





কেন্দ্রীয় প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর এর বর্তমান চিত্র






ঢাকা ট্রাক ডিপো এর বর্তমান চিত্র

## বাস ও ট্রাক সংক্রান্ত তথ্য

বাসের তথ্যঃ

| মোট বাসের সংখ্যা | সচল গাড়ীর সংখ্যা | | অযোগ্য ঘোষনার জন্য বিইআর (প্রস্তাবিত) গাড়ীর সংখ্যা | ভারী মেরামতাধীন (দীঘ মেয়াদী লীজসহ) গাড়ীর সংখ্যা |
|---|---|---|---|---|
| | নিজস্ব | দীঘ মেয়াদী লীজ | | |
| | ১২৮১টি | ৩৭টি | | |
| ১৬০০টি | ১৩১৮টি | | ১৭৬টি | ১০৬টি |

ট্রাকের তথ্যঃ

| মোট ট্রাকের সংখ্যা | সচল ট্রাকের সংখ্যা | বিইআর (প্রস্তাবিত) ট্রাকের সংখ্যা | ভারী মেরামতাধীন ট্রাকের সংখ্যা |
|---|---|---|---|
| ৫৮৯টি | ৫০৪টি | ৭৪টি | ১১টি |

## আয়-ব্যয় সংক্রান্ত তথ্য

বাসের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | জানুয়ারি/২১ | জানুয়ারি/২২ | ফেব্রুয়ারি/২১ | ফেব্রুয়ারি/২২ | মার্চ/২১ | মার্চ/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ২১০৭.৭০ | ২৮৫৩.৬২ | ২০৩৩.০০ | ২৪২৩.০৩ | ২২৮১.৫৬ | ২৯৮৯.৬২ |
| ব্যয় (লক্ষ টাকা) | ২০২৮.০৩ | ২৬৫২.৮৭ | ১৯৩৮.৮৪ | ২৩৪৩.৯৬ | ২১৩৭.৪৭ | ২৭৫৯.১২ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ৭৯.৬৭ | ২০০.৭৫ | ৯৪.১৬ | ৭৯.০৭ | ১৪৪.০৯ | ২৩০.৫০ |

ট্রাকের আয়-ব্যয়ের তুলনামূলক বিবরণীঃ

| বিবরণ | জানুয়ারি/২১ | জানুয়ারি/২২ | ফেব্রুয়ারি/২১ | ফেব্রুয়ারি/২২ | মার্চ/২১ | মার্চ/২২ |
|---|---|---|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ৯৪৪.০৯ | ১২৭৯.০২ | ১০৩৩.২৬ | ১১৬১.৪৩ | ১১২০.১৬ | ১২৬৮.৯৯ |
| ব্যয় (লক্ষ টাকা) | ৭৬৫.৯২ | ১০৫৬.৬৪ | ৮০৪.৩৪ | ৯৯১.৩১ | ৮৭৭.১০ | ১০৭৫.২৭ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ১৭৮.১৭ | ২২২.৩৮ | ২২৮.৯১ | ১৭০.১২ | ২৪৩.০৬ | ১৯৩.৭২ |

## গত ০৩ (তিন) বছরের আয়-ব্যয় সংক্রান্ত তথ্যের তুলনামূলক বিবরণী

| বিবরণ | ২০১৯ সাল | ২০২০ সাল | ২০২১ সাল |
|---|---|---|---|
| আয় (লক্ষ টাকা) | ৩০১৮০.৩৬ | ৩০১২০.৬৭ | ৩৬৪২৫.৬৮ |
| ব্যয় (লক্ষ টাকা) | ২৮৬৩৬.৪৬ | ২৯৫২২.০৬ | ৩৩০১১.৩২ |
| অপারেটিং লাভ/ক্ষতি (লক্ষ টাকা) | ১৫৪৩.৯০ | ৫৯৮.৬১ | ৩৪১৪.৩৬ |

## বিআরটিসির স্থাপনার জানুয়ারি/২২ হতে মার্চ/২২ পর্যন্ত মাসওয়ারী ভাড়া আদায়ের তথ্য

| মাসিক ভাড়া (লক্ষ টাকা) | ভাড়া আদায় (লক্ষ টাকা) | | | মন্তব্য |
|---|---|---|---|---|
| | জানুয়ারি/২০২২ | ফেব্রুয়ারি/২০২২ | মার্চ/২০২২ | |
| ৬৫.৯১ | ৭৩.২৬ | ৬৯.২৪ | ৭৯.৩৮ | |

## সিপিএফ ও গ্র্যাচুইটি অর্থ প্রদান সংক্রান্ত তথ্য

গ্র্যাচুইটি ও সিপি ফান্ডের চূড়ান্ত পাওনা পরিশোধিত অর্থের বিবরণঃ

| বিবরণ | জানুয়ারি/২০২২ | ফেব্রুয়ারি/২০২২ | মার্চ/২০২২ | মন্তব্য |
|---|---|---|---|---|
| গ্র্যাচুইটির প্রদানকৃত টাকা | ১,৫০,০০০/- | -- | ৩,০০,০০০/- | ০৩/০৪/২০২২ তারিখে ৪৩৪ জন অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্মচারীর গ্র্যাচুইটি, সিপিএফ ও ছুটিনগদায়নের ৪,৭৮,৫৭,০০০/- টাকা প্রদান করা হবে। |
| সিপিএফ'র প্রদানকৃত টাকা | ৪,৫০,০০০/- | ৩,২৮,৫০০.৪৭ | -- | |


## সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী বিআরটিএর মামলার তথ্যাদি

| মাসের নাম | অভিযানকৃত বাস সংখ্যা | জরিমানাকৃত বাস সংখ্যা | জরিমানার পরিমাণ |
|---|---|---|---|
| জানুয়ারি ২০২২ | ১০ | ০ | ০ |
| ফেব্রুয়ারি ২০২২ | ০৬ | ০২ | ১০০০/- |
| মার্চ ২০২২ | ০৮ | ০২ | ২০০০/- |

# বিআরটিসির ডিজিটাল কার্যক্রম সম্প্রসারণ


## ড্রাইভিং প্রশিক্ষণ ভর্তিতে ই-রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং সেবা চালু


ড্রাইভিং প্রশিক্ষণে ভর্তি কার্যক্রমকে আরো গতিশীল ও সহজিকরণ করার লক্ষ্যে ই-রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংকিং সুবিধা চালু করা হয়েছে। এর ফলে এক প্রশিক্ষণার্থী ঘরে বসেই অনলাইনে রেজিস্ট্রেশন ও ভর্তি ফি পরিশোধ করতে পারবেন। ইতোমধ্যে ৪টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৯টি প্রশিক্ষণ কেন্দ্রে মোট ৪৮জন প্রশিক্ষণার্থী এ সুযোগ গ্রহণ করেছেন।



## ই-টিকেটিং ও অনলাইন টিকেটিং সিস্টেম


ঢাকাস্থ ৮টি রুটে বিআরটিসি বাসে ঝামেলামুক্তভাবে স্বল্প সময়ে ই-টিকেটিং এর মাধ্যমে টিকেট সংগ্রহ করা যাচ্ছে। ইতোমধ্যে প্রায় ১২ লক্ষ যাত্রী ই-টিকেটিং পদ্ধতি অবলম্বন করে টিকেট সংগ্রহ করেছেন। এছাড়াও সম্প্রতি বিআরটিসি বাসে অনলাইন টিকেটিং সিস্টেম পরীক্ষামূলকভাবে চালু করা হয়েছে।





## ভ্যাহিকল ট্রাকিং সিস্টেম (ভিটিএস)

ভিটিএসের মাধ্যমে বিআরটিসি রাজস্ব বৃদ্ধি, গাড়ী অবস্থান নিশ্চিতকরণ, গতিবিধি ও মাইলেজ নির্ধারণের লক্ষ্যে বিআরটিসি'র ২২টি বাস ডিপোর ৫০১টি বাস ও ১টি ট্রাকে ভ্যাহিকল ট্রাকিং সিস্টেম (ভিটিএস) স্থাপন করা হয়েছে। ইতোমধ্যে ৭০১টি বাস ও ৫০১টি ট্রাকসহ মোট ১২০২টি যানবাহনে VTS স্থাপনের কার্যক্রম চালুকরার প্রক্রিয়া গ্রহণ করা হয়েছে।



## বিআরটিসির ডিপো/ইউনিট মনিটরিং করার জন্য সিসি ক্যামেরা স্থাপন

স্বচ্ছতা, জবাবদিহিতা ও অনিয়ম দূর করার লক্ষ্যে বিআরটিসির সকল ডিপো/ইউনিটে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। সকল ডিপো/ইউনিটে ২০০ টি সিসি ক্যামেরা সংযোজন করা হয়েছে। বর্তমানে অনলাইনের মাধ্যমে মোবাইলে এবং ল্যাপটপের মাধ্যমে হেড অফিস থেকে সকল ডিপো/ইউনিটসমূহ নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে।

